

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.১১০

তারিখ: ৪ ভাদ্র ১৪২৮

১৯ আগস্ট ২০২১

বিষয়: ভোলা জেলার চরফ্যাশন উপজেলার ০৭(সাত)টি এবং লালমোহন উপজেলার ০২(দুই)টি প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের স্থগিতকৃত বেতন-ভাতা ছাড়করণ সংক্রান্ত।

- সূত্র: ১: সুপার, দক্ষিণ আছলামপুর মোবারক আলী দাখিল মাদ্রাসা, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।
- ২: সুপার, আছলামপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।
- ৩: সুপার, উত্তর চরমানিকা লতিফিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।
- ৪: অধ্যক্ষ, নুরাবাদ হোসাইনিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।
- ৫: সুপার, আছলামিয়া হামেলা খাতুন বালিকা দাখিল মাদ্রাসা, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।
- ৬: সুপার, আমিনাবাদ হাকিমিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।
- ৭: সুপার, কুন্ডের হাওলা রশিদিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-লালমোহন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন।
- ৮: অধ্যক্ষ, লালমোহন ইসলামিয়া কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসা, উপজেলা-লালমোহন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।
- ৯: সুপার, দক্ষিণ ফ্যাশন সামছুল উলুম দাখিল মাদ্রাসা, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা এর নিকট হতে প্রাপ্ত আবেদন পত্র।


উপর্যুক্ত বিষয়ে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার ০৭(সাত)টি এবং লালমোহন উপজেলার ০২(দুই)টি প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের স্থগিতকৃত বেতন-ভাতা ছাড়করণের জন্য সূত্রোক্ত স্মারকের সুপার/অধ্যক্ষগণ এ বিভাগে আবেদন পত্র দাখিল করেছেন।

২.০ আবেদন পত্রসমূহে জানানো হয়েছে যে, বর্ণিত মাদ্রাসাসমূহে শিক্ষক-কর্মচারী নিয়োগে জাল-জালিয়াতিপূর্বক কাগজ সৃজন করে এমপিওভুক্তির আবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে কে বা কারা প্রেরণ করেন। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে জুলাই/২০২১ তারিখে আলোচ্য মাদ্রাসার সুপার/অধ্যক্ষকে টেলিফোনে বিষয়টি অবহিত করা হয়। পরবর্তীতে তাঁরা জালিয়াতির মাধ্যমে নিয়োগ প্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও বাতিলের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন দাখিল করেন। তাঁদের আবেদনের প্রেক্ষিতে এমপিও

স্থগিত করা হয় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে গত ০৫.০৮.২০২১ তারিখে ৫৭.২৫.০০.০০০০.০০৪.০৩.০৫৪.১৭.৬২৪ নং স্মারকে বর্ণিত ০৯টি মাদ্রাসাকে কারণ দর্শানোর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে বিষয়টি তদন্ত করে মাদ্রাসার প্রকৃত দোষী ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে গত ০২.০৮.২০২১ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর গত ২৯.০৭.২০২১ তারিখে ০৯(নয়)টি মাদ্রাসার সকল শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা স্থগিত করে এমপিও সীট প্রকাশ করেন। তাঁদের এমপিও বন্ধ হওয়ায় চলমান করোনা মহামারীর মধ্যে শিক্ষক ও কর্মচারীগণ মানবেতর জীবন যাপন করছেন মর্মে আবেদনে জানানো হয়েছে।

৩.০ এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৯(নয়) পাতা।



১৯-৮-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব

ফোন: ০২-৯৫৪৫৭২০

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা
অধিদপ্তর


স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.১১০/১

তারিখ: ৪ ভাদ্র ১৪২৮

১৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



১৯-৮-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব